



ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

ফোনঃ ৭৭৯১০৪৫-৫১/১২৩৯, Web: certificatecourse.iitju.edu.bd e-mail: iit@juniv.edu

স্মারক সংখ্যাঃ আইআইটি-৩০০(১২০)

তারিখঃ ২২-০৫-২০১৭ ইং

## আইটি বিষয়ক সার্টিফিকেট কোর্সে

(আগে আসলে আগে পাবেন ভিত্তিতে)

### ভর্তির বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত এবং বহিরাগত/প্রাক্তন ছাত্রছাত্রীদের জন্য 'সামার সেমিস্টার (Summer Semester)-২০১৭ এর জন্য (আগে আসলে আগে পাবেন ভিত্তিতে) নিম্নলিখিত কোর্সসমূহের আয়োজন করেছে। আইআইটি'র অফিসে প্রাপ্তব্য ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যের নির্ধারিত ফরমের মাধ্যমে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম	কোর্স ফি		ক্লাসের সময়, আসন সংখ্যা, ক্লাস সংখ্যা			
	জাবিতে অধ্যয়নরত ছাত্রছাত্রী	বহিরাগত/প্রাক্তন ছাত্রছাত্রী	বার	সময়	আসন সংখ্যা	ক্লাস সংখ্যা
Office Management	১,৫০০/-	২,৫০০/-	শনিবার	সকাল ১০:০০-১:০০ টা	১০০	১৪
	১,৫০০/-	২,৫০০/-	শনিবার	বিকেল ৫:০০-৮:০০ টা	৫০	১৪
Data Analysis using SPSS	১,৫০০/-	২,৫০০/-	শনিবার	বেলা ২:০০-৫:০০ টা	৫০	১৪

#### ক) ভর্তির শর্তাবলী ও অন্যান্য যোগ্যতা নিম্নরূপঃ

- (১) এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে মোট আসন সংখ্যার ৯০% আসন এবং জাবির প্রাক্তন ছাত্রছাত্রী ও বহিরাগত ছাত্রছাত্রীদের মধ্য থেকে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ১০% আসন পূরণ করা হবে।
- (২) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের আবেদনপত্র স্ব-স্ব বিভাগীয় সভাপতির মাধ্যমে এবং বহিরাগত/প্রাক্তন ছাত্রছাত্রীদের আবেদনপত্র স্ব-স্ব অভিভাবকের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- (৩) কোর্সের মেয়াদকালঃ ৪০ ঘন্টা।

#### খ) ভর্তি ফরমের সাথে যা যা জমা দিতে হবেঃ

- (১) এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- (২) জাবিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য স্টুডেন্ট-আইডি কার্ডের ফটোকপি এবং বহিরাগত/প্রাক্তন ছাত্রছাত্রীদের জন্য জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

গ) ফরম সংগ্রহ ও ভর্তিঃ ২২-০৫-২০১৭ থেকে ১৩-০৭-২০১৭ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)।

ঘ) ক্লাশ শুরুঃ ১৫-০৭-২০১৭ তারিখ শনিবার।

#### বিঃদ্রঃ-

- (১) অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য করা হবে।
- (২) প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অন্তত ৭৫% ক্লাসে উপস্থিত থেকে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদেরকে সনদপত্র প্রদান করা হবে।
- (৩) বিস্তারিত জানতে ভিজিট করুনঃ [certificatecourse.iitju.edu.bd](http://certificatecourse.iitju.edu.bd)

(কে এম আককাছ আলী)  
পরিচালক ও সহযোগী অধ্যাপক, আইআইটি